জুলাই সনদ বাস্তবায়ন পদ্ধতি নিয়ে সংসদে আলোচনা ৫ এপ্রিল



সংসদ অধিবেশন। ছবি: সংগৃহীত

‘জুলাই জাতীয় সনদ ২০২৫’-এর বাস্তবায়ন পদ্ধতি নিয়ে সংসদে আলোচনা হবে আগামী ৫ এপ্রিল। এ বিষয়ে একটি মুলতবি প্রস্তাব গ্রহণ করা হয়েছে, যা নির্ধারিত দিনে অধিবেশনের শেষ ভাগে প্রায় দুই ঘণ্টা আলোচনা করা হবে।

বুধবার (১ এপ্রিল) জাতীয় সংসদে সরকারি দলের এক সদস্য প্রস্তাবটি উত্থাপন করেন। স্পিকার তা গ্রহণ করে আলোচনার দিনক্ষণ নির্ধারণ করেন।

প্রস্তাবে বলা হয়, ‘জুলাই জাতীয় সনদ’ একটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক সমঝোতার দলিল, যেখানে সংবিধান সংশোধনসহ বিভিন্ন সংস্কারের দিকনির্দেশনা রয়েছে। সনদের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে এ বিষয়ে সংসদে বিস্তারিত আলোচনা প্রয়োজন বলে উল্লেখ করা হয়।

সংসদে জানানো হয়, বিভিন্ন রাজনৈতিক দলের অংশগ্রহণে প্রণীত এই সনদকে রাষ্ট্র সংস্কার ও রাজনৈতিক স্থিতিশীলতার একটি গুরুত্বপূর্ণ রূপরেখা হিসেবে বিবেচনা করা হচ্ছে।

LENS ASIA